**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ৬ দিনে ৫ টি দেশ সফরের প্রথম পর্বে আবুধাবি যাচ্ছেন। এই সফরে তিনি সংযুক্ত আরব আমিরশাহী-সহ নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে এবং ইতালি সফর করবেন৷ সফরকালে তিনি ওই দেশগুলির রাষ্ট্রপ্রধানদের সঙ্গে জ্বালানি নিরাপত্তা নিয়ে আলোচনা করবেন বলে কথা রয়েছে|

*********************

**SIR-Phase III :**

ভারতের নির্বাচন কমিশন ত্রিপুরা সহ ষোলোটি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে গতকাল ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এস.আই.আরের নির্ঘন্ট ঘোষণা করেছে। এটা এস.আই.আরের তৃতীয় পর্যায়৷ এই পর্যায়ে অন্তর্ভুক্ত রাজ্যগুলি হল ত্রিপুরা, অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, হরিয়ানা, ঝাড়খন্ড, কর্ণাটক, মহারাষ্ট্র, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ওড়িশা, পাঞ্জাব, সিকিম, তেলেঙ্গানা এবং উত্তরাখণ্ড। তাছাড়া দিল্লি, চন্ডিগড় এবং দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকেও এই পর্যায়ের আওতায় আনা হয়েছে।

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটার তালিকা সংশোধন, নবীকরণ ও নির্ভুল করতে এই বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী ত্রিপুরার ২৮ লক্ষ ৯৭ হাজার ৬৭৪ জন ভোটারের জন্য বিশেষ নিবিড় সংশোধনী বা এস.আই.আর প্রক্রিয়া শুরু হতে চলেছে। এই কর্মসূচির অধীনে আগামী ৫ই সেপ্টেম্বর থেকে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত প্রস্তুতিমূলক কাজ চলবে এবং ১৫ সেপ্টেম্বর থেকে ১৪ অক্টোবর পর্যন্ত ৩ হাজার ৩৫৬ জন বুথ লেভেল অফিসার বা বি.এল.ও বাড়ি বাড়ি গিয়ে তথ্য যাচাই করবেন। সঙ্গে থাকবেন ৬ হাজার ৭৫৭ জন স্বীকৃত রাজনৈতিক দলের এজেন্ট বা বি.এল.এ |

**********************

**BRICS - PM Modi**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে,  এই বছর ভারতের সভাপতিত্বে ব্রিকস বহুপাক্ষিকতাকে শক্তিশালী করতে, সুস্থায়ী উন্নয়নকে এগিয়ে নিতে, অর্থনৈতিক স্থিতিশীলতা বাড়াতে এবং আরও অন্তর্ভুক্তিমূলক একটি বিশ্ব ব্যবস্থা গড়ে তুলতে একসঙ্গে কাজ করবে। গতকাল নয়াদিল্লিতে শ্রী মোদীর সঙ্গে সাক্ষাৎ করতে আসা ব্রিকস দেশগুলোর বিদেশমন্ত্রী ও প্রতিনিধিদলের প্রধানদের সঙ্গে আলোচনায় শ্রী মোদী বলেন, উদীয়মান অর্থনীতির দেশগুলোর মধ্যে সহযোগিতা এগিয়ে নিয়ে যেতে এবং দক্ষিণ বিশ্বের দেশগুলোর আকাঙ্ক্ষাকে তুলে ধরতে ব্রিকস একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে আবির্ভূত হয়েছে। উল্লেখ্য নয়াদিল্লিতে চলতি ব্রিকস বিদেশ মন্ত্রীদের বৈঠকের ফাঁকে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

************************

## Governor -1 :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু গতকাল থেকে তাঁর মোটরযানের বহর ছোট করার সিদ্ধান্ত নিয়েছেন। লোকভবন থেকে জানানো হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জ্বালানি সংরক্ষণের আহ্বানে সাড়া দিয়ে তিনি এই সিদ্ধান্ত নিয়েছেন। জ্বালানি খরচ কমানো এবং পরিবেশগত দায়বদ্ধতা বাড়ানোর লক্ষ্যেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

*********************

## Industry Reforms :

ব্যবসাগত সংস্কার বা বিজনেস রিফর্মসে সারা দেশে প্রথম স্থান অর্জন করেছে ত্রিপুরা। সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে গতকাল একথা জানিয়েছেন শিল্প বানিজ্য সচিব কিরণ গিত্যে৷ তিনি জানান, রাজ্য সরকার রাজ্যে শিল্প বানিজ্য ও বিভিন্ন ব্যবসা সহজ সরল করা এবং বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে শিল্প বানিজ্য দপ্তরের সিঙ্গেল উইন্ডো সিস্টেম "স্বাগত" (SWAAGAT) পোর্টালে প্রক্রিয়া সহজ ও সরলীকরনে বিভিন্ন দপ্তরে সংস্কার সাধন করেছে। এই সংস্কারের ফলে রাজ্যে শিল্প ও ব্যবসা বানিজ্যে লগ্নী আকর্ষণ সহজতর হবে।

**********************

## Press Meet-Food Minister :

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে পেট্রোল, ডিজেল ও খাদ্য সামগ্রী পর্যাপ্ত পরিমানে মজুত রয়েছে। সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে গতকালতিনি একথা জানান। তিনি জানান, রাজ্যে পেট্রোল ও ডিজেলের ১৫

দিনের মজুত রয়েছে। গনবন্টন ও খোলা বাজার মিলিয়ে ১৬৮ দিনের চাল মজুত রয়েছে| তাছাড়া চিনি, গম, মুসুর ডাল, পেঁয়াজ, আলু, লবণেরও পর্যাপ্ত মজুত রয়েছে| তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মিতব্যয়ী হতে বলেছেন। তার সঙ্গে সংকটের কোনো যোগসূত্র নেই।

***********************

**CM-Offer Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে এখন পর্যন্ত রাজ্যে ডাই ইন হারনেস সহ মোট ২০ হাজার ৯৬০ জনকে চাকুরী প্রদান করেছে| তাছাড়া কন্ট্রাকচুয়াল ও আউটসোর্সিং-এর মাধ্যমে ২৪ হাজার ৭৮ জনের কর্মসংস্থান করা হয়েছে। গতকাল আগরতলায় বিদ্যালয় শিক্ষাদপ্তর আয়োজিত স্নাতকোত্তর শিক্ষকদের চাকুরীর অফার বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ২০১৮ থেকে বর্তমান সময় পর্যন্ত মাধ্যমিক শিক্ষা দপ্তরের অধীনে ১হাজার ৪৭১ জন স্নাতকোত্তর শিক্ষক, ৪৪৪ জন স্নাতক শিক্ষক, ৮৮ জন স্পেশাল এডুকেটর, ১১৫ স্কুল লাইব্রেরিয়ান ও ১০৬ জন শারীরিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। উল্লেখ্য, গতকাল স্নাতকোত্তর শিক্ষক পদে ৮৬৫ জনকে অফার প্রদান করা হয়।

*********************

**State level Charak Mela & Gajan Utshab :**

গোমতী জেলার কাকড়াবন মেলাঘর টিলা স্কুল প্রাঙ্গণে গতকাল রাত থেকে শুরু হয়েছে দুই দিন ব্যাপী রাজ্যভিত্তিক চড়ক মেলা ও গাজন উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তর, কাকড়াবন ব্লক, গোমতী জিলা পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত মেলা ও উৎসবের সূচনা করে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় বলেন, চড়ক মেলা ও গাজন উৎসব অন্যতম প্রাচীন লোকঐতিহ্য। এর মধ্য দিয়ে সমাজের সকল অংশের মানুষের এক মিলন মেলার অবকাশ তৈরী হয়। উপস্থিত ছিলেন বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি এবং আধিকারিকরা। দুই দিন ব্যাপী এই উৎসবে রাজ্যের বিভিন্ন এলাকার নানান সাংস্কৃতিক দল অনুষ্ঠান পরিবেশন করে। আজ বিকেলে সেখানে ঐতিহ্যবাহী চরক গাছ ঘোরানো হবে।

************************

## Governor -2 :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, অপারেশন সিন্দুর সামরিক ক্ষেত্রে ভারতের সক্ষমতা প্রমাণ করেছে। একুশ সেক্টর, আসাম রাইফেলসের উদ্যোগে গতকাল আগরতলায় আলফা অডিটোরিয়ামে নাগরিক সমাজ ও সামরিক বাহিনীর মধ্যে সমন্বয় সংক্রান্ত সেমিনারে তিনি একথা বলেন। তিনি বলেন, সামরিক বাহিনী ও সাধারণ প্রশাসন বর্তমান সময়ে দেশ ও সাধারণ নাগরিকদের বিভিন্ন উদ্ভূত সমস্যা মোকাবিলায় ইতিবাচক ভূমিকা পালন করছে| সেমিনারে স্বরাষ্ট্র সচিব অভিষেক সিং, পুলিশের মহা নির্দেশক অনুরাগ, পদস্থ সেনা আধিকারিক ব্রিগেডিয়ার ধীরাজকুমার সিং, আসাম রাইফেলসের কমান্ডার ব্রিগেডিয়ার নিশান্ত চান্দেল, বি.এস.এফের আই.জি অলক কুমার চক্রবর্তী জাতীয় নিরাপত্তা, নাগরিক সমাজ, সামরিক, আধা সামরিক বাহিনীর সমন্বয় নিয়ে বক্তব্য তুলে ধরেন।

**********************

**Football :**

ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২0 বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা গ্রুপের দ্বিতীয় খেলায়ও জয়লাভ করেছে। গতকাল রাজ্যদল ২-১ গোলে দিল্লিকে হারিয়ে দেয়। ফলে টানা দুই ম্যাচে রাজ্যদল জয় পেলো। শেষ ম্যাচটি খেলবে সিকিমের বিরুদ্ধে।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, উত্তর,ঊনকোটি, ধলাই ও খোয়াই জেলায় ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১৫.২ মিলিমিটার।

******************

******************